
$; E = \frac{GM}{a^3}r \Rightarrow F = Em = \frac{GMm_1}{a^3}r = \frac{6.673\times10^{-11}\times10^4\times m_1}{8\times(0.5)^2}N = 3.3365\times10^{-7}m_1\ N$

23. কল্পনা কর যে, পৃথিবীর ব্যাস বরাবর একটি সুড়ঙ্গ খনন করা হল। একটি বস্তুকে সুরঙ্গের এক প্রান্ত থেকে ছেড়ে দেয়া হল এবং বস্তুটি সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত হতে লাগলো। পৃথিবীকে একটি সুষম গোলক মনে করে এবং বাধাদানকারী সকল বল উপেক্ষা করে পৃথিবীর কেন্দ্র থেকে 5×10^5m দূরত্বে বস্তুটির ত্বরণ ও দোলনের পর্যায়কাল নির্ণয় কর। [দেয়া আছে, পৃথিবীর ব্যাসার্ধ $R = 6.4\times10^6$m এবং $g = 9.8m/s^2$]

সমাধান: পৃথিবীর কেন্দ্র হতে x m দূরে বস্তুটির অভিকর্ষজ ত্বরণ, $\vec{a} = -\frac{4}{3}\pi G\rho\vec{x}$

এখানে x ব্যাসার্ধ ভেক্টর $\vec{a}$ এর দিক $\vec{x}$ এর বিপরীত দিকে।

$\therefore a \propto -x$ $\therefore$ বস্তুটির সরল ছন্দিত স্পন্দনে চলতে থাকবে। $a = -\omega^2x$ $\therefore \omega^2 = \frac{4}{3}\pi G\rho$

আবার, ভূ-পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ, $g = \frac{4}{3}\pi G\rho R$; [শুধু মান বিবেচনা করে]

$\Rightarrow \frac{4}{3}\pi G\rho = \frac{g}{R} \Rightarrow \omega^2 = \frac{g}{R} \therefore \omega = \sqrt{\frac{g}{R}} \Rightarrow \frac{2\pi}{T} = \sqrt{\frac{g}{R}}$ $\therefore T = 2\pi\sqrt{\frac{R}{g}} = 5077.58s$

পৃথিবীর কেন্দ্র হতে 5×10^5m দূরত্বে বস্তুর ত্বরণ, $a = \frac{4}{3}\pi G\rho x = \omega^2x = \left(\frac{2\pi}{T}\right)^2\times5\times10^5ms^{-2} = 0.77ms^{-2}$

Alternate: $F = -kr$ ... ... (i); $F = -\frac{GMm}{r^2} = -\left(\frac{4\pi mG\rho}{3}\right)r$ ... ... (ii)

$\therefore K = \frac{4\pi m\rho G}{3}$ $\therefore T = 2\pi\sqrt{\frac{m}{K}} = 2\pi\sqrt{\frac{3m}{4\rho\pi mG}} = \sqrt{\frac{3\pi}{G\rho}}$ $\left[g = \frac{4}{3}\pi R\rho G \Rightarrow \rho = 5.5\times10^3kgm^{-3}\right]$

$\therefore T = 5077.58$ s (Ans.)

24. একটি সুতায় দুটি তরঙ্গের মিলনের ফলে যে স্থিরতরঙ্গের সৃষ্টি হয় তার সমীকরণ হচ্ছে $y = 5\sin\frac{\pi x}{3}\cos 40\pi t$, যেখানে x ও y হল সে.মি. –এ এবং t হল সেকেন্ডে। (a) তরঙ্গ দুটির প্রত্যেকটির বিস্তার ও বেগ কত? (b) দুটি পর পর নিষ্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব কত?

সমাধান: স্থির তরঙ্গের সাধারণ সমীকরণ, $y = 2a\sin\left(\frac{2\pi vt}{\lambda}\right)\cos\left(\frac{2\pi x}{\lambda}\right)$

যেখানে, মূল তরঙ্গদ্বয়, $y_1 = a\sin\frac{2\pi}{\lambda}(vt - x)$; $y_2 = a\sin\frac{2\pi}{\lambda}(vt + x)$; $y = 5\sin\left(\frac{\pi x}{3}\right)\cos(40\pi t)$

এখানে, sine এবং cosine উভয়েই sinusoidal function । তাই প্রদত্ত স্থির তরঙ্গের সমীকরণের x এবং t এর সহগ সাধারণ সমীকরণের সাথে তুলনা করা যায়।

$\therefore \frac{2\pi}{\lambda}v = 40\pi, \frac{2\pi}{\lambda} = \frac{\pi}{3}, 2a = 5$

(a) তরঙ্গ দুটির প্রত্যেকের বিস্তার $= \frac{5}{2}$ cm, বেগ $= 120cms^{-1}$

(b) $\lambda = 6cm$ $\therefore$ পরপর দুটি নিস্পন্দ বিন্দুর দূরত্ব $= \frac{\lambda}{2} = 3cm$ (Ans)

25. নিচের চিত্রে চলচ্চিত্রের একজন স্টান্টম্যান একটি উঁচু ভবনের ছাদে অনুভূমিকভাবে দৌড়িয়ে পার্শ্ববর্তী একটি অপেক্ষাকৃত কম উঁচু ভবনের ছাদে লাফ দেবে। এই কাজটি করার পূর্বে সে বুদ্ধিমানের মত তোমাকে প্রশ্ন করলো যে, এটি করা তার পক্ষে সম্ভব হবে কি না। ছাদে তার দৌড়ের সর্বোচ্চ গতিবেগ 4.5m/s হলে সে এটা করতে পারবে কি? সেক্ষেত্রে তোমার উপদেশ কী হবে? "ঝাপ দাও"! অথবা "ঝাপ দিও না"!



সমাধান: অনুভূমিকভাবে নিক্ষিপ্ত প্রাসের ক্ষেত্রে, $x^2 = \frac{2u^2}{g}y$

$y = 4.8m$, $u = 4.5ms^{-1}$ হলে, $= \sqrt{\frac{2u^2}{g}y} = 4.454$, যা 6.2 m অপেক্ষা কম।

$\therefore$ আমার উপদেশ "ঝাঁপ দিও না।"

26. প্রতিটি 1mm ব্যাসার্ধের আটটি বৃষ্টির ফোঁটা 5cm/s প্রান্তিক বেগে পতনশীল। যদি আটটি ফোঁটা একত্রিত হয়ে একটি বড় ফোঁটায় পরিণত হয়, তাহলে নির্গত শক্তির পরিমাণ নির্ণয় কর। [দেয়া আছে, পানির পৃষ্ঠটান $= 7.4 \times 10^{-2} \text{N/m}$]

সমাধান: বড় ফোটার ব্যাসার্ধ R হলে, $8 \times \frac{4}{3}\pi r^3\rho = \frac{4}{3}\pi R^3\rho \Rightarrow R = 2r = 2\text{mm}$

$\therefore$ পৃষ্ঠের ক্ষেত্রফলের পরিবর্তনের কারণে নির্গত শক্তি $= (8 \times 4\pi r^2 - 4\pi R^2) \times T = 3.72 \times 10^{-6}\text{J}$

[Note: প্রান্তবেগ, $v_T \propto r^2$ $\therefore$ গতিশক্তি, $\propto (r^2)^2 = \propto r^4$

এখানে, গতিশক্তি বৃদ্ধি পাবে। তাই প্রান্তবেগের পরিবর্তনের কারণে কোন শক্তি মুক্ত হবে না।]

27. একটি দেয়াল হতে 4.8cm ব্যাসের একটি এলুমিনিয়ামের দণ্ড অনুভূমিকভাবে 5.3cm প্রক্ষেপিত আছে। দণ্ডটির শেষ প্রান্তে 1200kg ভরের একট বস্তু ঝোলানো হল। এলুমিনিয়ামের ব্যবর্তন গুণাংক $3 \times 10^{10}\text{N/m}^2$ । দণ্ডটির ভরকে উপেক্ষা করে (a) দণ্ডটির উপর ব্যবর্তন পীড়ন, এবং (b) দণ্ডটির প্রান্তের উল্লম্ব বিচ্যুতি নির্ণয় কর।

সমাধান: ব্যবর্তন গুণাঙ্ক, $\gamma = \frac{F}{A\theta} \Rightarrow \theta = \frac{1200\times9.8}{3\times10^{10}\times\pi\left(\frac{4.8\times10^{-2}}{2}\right)^2} = 2.166 \times 10^{-4}$ radian

(a) ব্যবর্তন পীড়ন $= \frac{F}{A} = \frac{1200\times9.8}{\pi\left(\frac{4.8\times10^{-2}}{2}\right)^2} = 6.5 \times 10^6 \text{Nm}^{-2}$

(b) উল্লম্ব বিচ্যুতি $= 5.3 \times \tan\theta = 1.148 \times 10^{-3}\text{cm}$ [θ এর মান বসানোর সময় ক্যালকুলেটরে রেডিয়ান Mode এ নিতে হবে।]

28. এক পরমাণু বিশিষ্ট একটি আদর্শ গ্যাসকে 17°C তাপমাত্রায় হঠাৎ এর মূল আয়তনের এক-দশমাংশ আয়তনে সংকুচিত করা হল। সংকোচনের পর তাপমাত্রা কত হবে?

সমাধান: $T_1V_1^{\gamma-1} = T_2V_2^{\gamma-1} \Rightarrow 290 \times V_1^{\gamma-1} = T_2\left(\frac{V_1}{10}\right)^{\gamma-1}$ | $T_1 = 17°\text{C} = 290\text{K}, \gamma = 1.67$

$\therefore T_2 = 290 \times (10)^{1.67-1}\text{K} = 1356.432\text{K} = 1083.432°\text{C}$

29. ইয়ং এর ব্যতিচারের দ্বি-চিড় পরীক্ষায় $4.69 \times 10^{14}\text{Hz}$ কম্পাঙ্কের লাল আলো ব্যবহারের ফলে ডোরা প্রস্থ $2.4 \times 10^{-4}\text{m}$ হয়। যদি $7.5 \times 10^{14}\text{Hz}$ কম্পাঙ্কের নীল আলো ব্যবহার করা হয় তাহলে ডোরা প্রস্থের পরিবর্তন কত হবে?

সমাধান: লাল আলোর জন্য ডোরা প্রস্থ, $d_r = \frac{\lambda_r D}{2a}$

নীল আলোর জন্য ডোরা প্রস্থ, $d_b = \frac{\lambda_b D}{2a}$

$\frac{d_r}{d_b} = \frac{\lambda_r}{\lambda_b}$ $\therefore d_b = \frac{\lambda_b}{\lambda_r} \times d_r = \frac{\frac{c}{f_b}}{\frac{c}{f_r}} \times d_r = \frac{f_r}{f_b} \times d_r = \frac{4.69\times10^{14}}{7.5\times10^{14}} \times 2.4 \times 10^{-4}\text{m} = 1.5 \times 10^{-4}\text{m}$

$\therefore$ ডোরা প্রস্থের পরিবর্তন $= d_r - d_b = 9 \times 10^{-5}$ m

30. একটি উত্তল লেন্স থেকে 90cm দূরে একটি বস্তুকে রাখা হলে 45cm দূরের পর্দায় একটি বাস্তব প্রতিচ্ছবি তৈরি করে। এই লেন্সের গা ঘেঁষে একটি অবতল লেন্স লাগানো হলে আরও 75cm দূরে একটি বাস্তব প্রতিচ্ছবি সৃষ্টি হয়। অবতল লেন্সের ফোকাস দূরত্ব নির্ণয় কর।

সমাধান: ধরি, উত্তল লেন্সের ফোকাস দূরত্ব f এবং অবতল লেন্সের ফোকাস দূরত্ব f′ ।

$\therefore \frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{f} = \frac{1}{90} + \frac{1}{45} = \frac{1}{30}$

ধরি, সমবায় লেন্সের ফোকাস দূরত্ব F ।

$\therefore \frac{1}{F} = \frac{1}{90} + \frac{1}{(45+75)} \Rightarrow \frac{1}{f} + \frac{1}{f'} = \frac{7}{360} \Rightarrow \frac{1}{f'} = \frac{7}{360} - \frac{1}{30} = -\frac{1}{72}$ $\therefore f' = -72\text{cm}$

31. 10g ওজনের একটি লোহার পেরেককে কিছুক্ষণ একটি বার্নার শিখায় উত্তপ্ত করা হল। উত্তপ্ত পেরেকটিকে 10°C তাপমাত্রায় 100g পানিতে ডুবানো হল। এতে পানির তাপমাত্রা বৃদ্ধি পেয়ে 20°C হল। পানিতে ডুবানোর পূর্বে পেরেকের তাপমাত্রা নির্ণয় কর। [লোহার আপেক্ষিক তাপমাত্রা $= 0.11\text{kcal/kg°C}$]

সমাধান: ধরি, নির্ণেয় তাপমাত্রা θ°C

গৃহীত তাপ = বর্জিত তাপ $\therefore 10 \times 0.11 \times (\theta - 20) = 100 \times 1 \times (20 - 10) \Rightarrow 1.1\theta - 22 = 1000$

$\therefore \theta = \frac{1022}{1.1} = 929.09°\text{C}$

www.bdmyog.com

32. নিচের চিত্রে প্রদর্শিত বর্তনিতে voltmeter এর পাঠ 5V, ammeter এর পাঠ 2A এবং বিদ্যুৎ প্রবাহের দিক তীর চিহ্নের মাধ্যমে প্রদর্শিত হয়েছে। (a) রোধক R এর মান ও (b) E এর মান নির্ণয় কর।



সমাধান: A এবং B বিন্দুর মাঝে বিভব পার্থক্য 5V হওয়ায় 3Ω রোধের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহিত হয়না। হলে 3Ω রোধে বিভব পতন হত এবং A ও B এর মাঝে বিভব পার্থক্য 5V এর বেশি হত।



∴ পুরো 2A তড়িৎ R এর মধ্য দিয়ে প্রবাহিত হয়। ∴ $R = \frac{5}{2} = 2.5\Omega$

এবং E = বর্তনীতে মোট বিভব পতন $= 2(10 + 2 + 2.5) = 29$ Volts (Ans.)

33. $1mm^2$ প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি সিলভারের তার দিয়ে 1.5A বিদ্যুৎ প্রবাহিত করা হল এবং এই তারের লম্বভাবে 0.1 Tesla মাত্রার চৌম্বক ক্ষেত্র প্রয়োগ করা হল। এই তারে আবেশিত Hall ভোল্টেজ নির্ণয় কর। [দেয়া আছে, 1 Tesla = 10^4 Oersted এবং সিলভারের মুক্ত ইলেকট্রন ঘনত্ব $= 5.85 \times 10^{28}$ per m^3]

সমাধান: [**Note**: প্রশ্নে খুব সম্ভবত $1mm^2$ ক্ষেত্রফলের বর্গাকার প্রস্থচ্ছেদের তারের কথা বলা হয়েছে। যদি ধরে নেয়া হয় যে "1mm বর্গাকার প্রস্থচ্ছেদ" এর প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 1mm, তাহলে প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল $1mm \times 1mm = 1mm^2$ হয়।

এক্ষেত্রে, $d = 1mm, t = 1mm = 10^{-3}m$]

$$V_H = \frac{BI}{ntq} = \frac{0.1\times1.5}{5.85\times10^{28}\times10^{-3}\times1.6\times10^{-19}} = 1.61 \times 10^{-8}V$$

34. রেডিয়ামের অর্ধায়ু 1620 বছর। 1 gram ভরের রেডিয়াম হতে প্রতি সেকেন্ডে কতগুলো রেডিয়াম পরমাণু নির্গত হবে? [রেডিয়ামের পারমাণবিক ভর = 226kg/kmol, অ্যাভোগাড্রো নম্বর $= 6.02 \times 10^{26}$ atoms/kmol]

সমাধান: 1gm রেডিয়ামে পরমাণুর সংখ্যা, $N = \frac{1\times10^{-3}}{226} \times 6.02 \times 10^{26} = 2.66 \times 10^{21}$

$$\therefore \frac{dN}{dt} = \lambda N = \frac{\ln 2}{\frac{t_1}{2}} \times N = \frac{\ln 2}{1620\times365\times86400} \times 2.66 \times 10^{21} = 3.61 \times 10^{10} \text{ পরমাণু/ sec}$$

35. নির্ধারিত তরঙ্গের একটি বিকিরণ কোন ধাতবপৃষ্ঠের উপর আপতিত হলে নিবৃত্ত বিভবের মান 4.8V হয়। উক্ত ধাতবপৃষ্ঠে দ্বিগুণ তরঙ্গ দৈর্ঘ্যের একটি বিকিরণ আপতিত হলে নিবৃত্ত বিভবের মান 1.6V পাওয়া যায়। ধাতবপৃষ্ঠটির সুচন তরঙ্গ দৈর্ঘ্য প্রথমে আপতিত তরঙ্গ দৈর্ঘ্যের সাপেক্ষে কত হবে?

সমাধান: $\frac{hc}{\lambda} = \phi_0 + eV_1 \Rightarrow \frac{hc}{\lambda} - \frac{hc}{\lambda_0} = eV_1 \ldots\ldots\ldots$ (i) এবং $\frac{hc}{2\lambda} - \frac{hc}{\lambda_0} = eV_2 \ldots\ldots\ldots$ (ii)

$$\text{(i)} \div \text{(ii)} \Rightarrow \frac{\frac{1}{\lambda}-\frac{1}{\lambda_0}}{\frac{1}{2\lambda}-\frac{1}{\lambda_0}} = \frac{V_1}{V_2} = 3 \Rightarrow \frac{1}{\lambda} - \frac{1}{\lambda_0} = \frac{3}{2\lambda} - \frac{3}{\lambda_0} \Rightarrow \frac{1}{2\lambda} = \frac{2}{\lambda_0} \Rightarrow \lambda_0 = 4\lambda$$

36. মনে কর একজন পিতা তার কন্যা থেকে 20 বছরের বড়। তিনি পৃথিবী থেকে অতি দ্রুতগতির মহাকাশযানে দূরবর্তী কোন গ্রহে যেতে চাইলেন। উক্ত গ্রহে তার যেতে 2 বছর এবং আসতে 2 বছর লাগল (তার নিজের কাঠামোতে মাপা)। পৃথিবীতে এসে তিনি দেখলেন তার কন্যা থেকে তিনি 20 বছর ছোট হয়ে গেছেন। এ যাত্রায় মহাকাশযানটির বেগ কত হবে?

সমাধান: $\Delta t_0 = 4$ বছর $\Delta t = 44$ বছর

$$\Delta t = \frac{\Delta t_0}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} \Rightarrow 44 = \frac{4}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} \Rightarrow 1 - \frac{v^2}{c^2} = \left(\frac{1}{11}\right)^2 \Rightarrow \frac{v^2}{c^2} = 1 - \left(\frac{1}{11}\right)^2 \therefore v = \sqrt{1-\left(\frac{1}{11}\right)^2}\, c = 2.9876 \times 10^8 ms^{-1}$$

37. পারদের বাষ্প 140 nm তরঙ্গদৈর্ঘ্যের একটি ফোটন শুষে নিয়ে পরবর্তীতে দুটি ফোটন নিঃসরণ করে। একটি ফোটন এর তরঙ্গদৈর্ঘ্য 180.5 nm হলে অপর ফোটনটির তরঙ্গদৈর্ঘ্য কত? [$1nm = 10^{-9}m$]

সমাধান: শক্তির সংরক্ষণশীলতা অনুসারে, $\frac{hc}{\lambda} = \frac{hc}{\lambda_1} + \frac{hc}{\lambda_2} \Rightarrow \frac{1}{\lambda} = \frac{1}{\lambda_1} + \frac{1}{\lambda_2} \therefore \frac{1}{\lambda_1} = \frac{1}{\lambda} - \frac{1}{\lambda_2} \therefore \lambda_1 = 6.2395 \times 10^{-7}m$

38. একটি সাধারণ নিঃসরক বিবর্ধকের প্রবাহ লাভ 70 হয়। যদি নিঃসরক প্রবাহ 8.8 mA হয়, তাহলে সংগ্রাহক এবং পীঠ প্রবাহের মান নির্ণয় কর। ট্রানজিস্টরটি যখন সাধারণ পীঠ বিবর্ধক হিসাবে কাজ করে, তখন প্রবাহ লাভ কত?

সমাধান: $\left(\frac{I_C}{I_B}\right)_{CE} = 70 \Rightarrow I_C = 70I_B \Rightarrow I_E = I_B + I_C \Rightarrow I_E = 71I_B \Rightarrow I_B = \frac{8.8}{71} = \frac{44}{355}$ mA

এবং $I_C = 70 \times \frac{44}{355} = \frac{616}{71}$ mA $\therefore \left(\frac{I_C}{I_E}\right)_{CB} = \alpha = \frac{\beta}{1+\beta} \left[\beta = \left(\frac{I_C}{I_B}\right)_{CE}\right] = 0.986$ (Ans.)

39. পানির উপরিতলে পানির ঘনত্ব $1.03 \times 10^3 kg/m^3$ হলে 800 atm চাপ গভীরতায় পানির ঘনত্ব কত হবে? [দেওয়া আছে, পানির সংনম্যতা $= 45.8 \times 10^{-11} Pa^{-1}$ এবং $1atm = 1.013 \times 10^5 Pa$]

সমাধান: $B = \frac{PV}{v} \therefore v = \frac{P}{B}V = 0.037V\ ;\ V' = V - v = 0.9629V \mid \frac{1}{B} = 45.8 \times 10^{-11} Pa^{-1}$

যেহেতু, ভর অপরিবর্তিত থাকবে। $\rho \propto \frac{1}{V}$

$\therefore V\rho = V'\rho' \therefore \rho' = \frac{V\rho}{V'} = \frac{V}{0.9629V} \times 1.03 \times \frac{10^3 kg}{m^3} = 1069.7\ kg/m^3$

40. একটি হাইড্রোজেন পরমাণুর প্রথম ইলেকট্রনের কক্ষপথের ব্যাসার্ধ 0.5Å । এই কক্ষপথে ইলেকট্রনটি $2.2 \times 10^6 m/s$ সমগতিতে চলমান। এই ইলেকট্রনের গতির ফলে নিউক্লিয়াসের কেন্দ্রে সৃষ্ট চৌম্বক ক্ষেত্রের মান কত? [দেয়া আছে, $\mu_0 = 4\pi \times 10^{-7} wb/A.m$ এবং ইলেকট্রনের চার্জ $= 1.6 \times 10^{-19} C$]

সমাধান: $B = \frac{\mu_0 I}{2r} \mid e = 1.6 \times 10^{-19} C,\ v = 2.2 \times 10^6 ms^{-1}, r = 0.5 \times 10^{-10} m$

এখানে, I = ঘূর্ণন কম্পাঙ্ক × চার্জ $= \frac{v}{2\pi r} \times e \ \therefore B = \frac{\mu_0 ve}{4\pi r^2} = 14.08T$

Chemistry (Written)

41. (a) 4d উপশক্তিস্তরের অর্বিটালগুলোর জন্য n, l ও m এর মানের তালিকা লিখ।

(b) প্রধান কোয়ান্টাম সংখ্যা $n = 3$ হলে ঐ শক্তিস্তরে সর্বাধিক কয়টি ইলেকট্রন থাকতে পারে?

সমাধান: (a) $n = 4,\ l = 2,\ m = -2, -1, 0, +1, +2$

(b) $2n^2 = 2.3^2 = 18$ টি ইলেকট্রন

42. একটি সার কারখানা থেকে অ্যামোনিয়া গ্যাস নিঃসরিত হয়ে পাশের মৎস চাষের একটি পুকুরের স্বচ্ছ পানিতে দ্রবীভূত হল। যদি দ্রবীভূত অ্যামোনিয়ার ঘনমাত্রা 0.01M এবং বিয়োজন ধ্রুবক $K_b = 1.80 \times 10^{-5}$ হয় তাহলে পুকুরের পানির pH কত হবে? পুকুরটি মৎস চাষের উপযুক্ত হবে কি?

সমাধান: $pOH = -\log(\sqrt{K_b C}) = 3.372\ ;\ pH = 14 - 3.372 = 10.628$

∴ পুকুরটির পানি অধিক ক্ষারীয় বলে এটি মৎস্য চাষের উপযুক্ত নয়।

43. একটি লোহার টিউবকে জিংক দিয়ে প্রলেপ দিতে হবে। এ সম্পর্কিত নীচের প্রশ্নগুলোর উত্তর দাও।

(a) কোন ধাতু ক্যাথোড হিসেব ব্যবহার করতে হবে?

(b) কোন ধাতু অ্যানোড হিসেব ব্যবহার করতে হবে?

(c) কোন ইলেকট্রোড থেকে বহিঃস্থ সার্কিটে ইলেকট্রন প্রবাহিত হবে?

(d) অ্যানোড-এ সংঘটিত ইলেকট্রোড বিক্রিয়াটি লিখ।

(e) ক্যাথোড-এ সংঘটিত ইলেকট্রোড বিক্রিয়াটি লিখ।

সমাধান: (a) লোহা (b) জিংক (c) অ্যানোড তথা জিংক ইলেকট্রোড

(d) $Zn \rightarrow Zn^{2+} + 2e$ (e) $Zn^{2+} + 2e \rightarrow Zn$

44. আণবিক সংকেত C_6H_{12} থেকে সম্ভাব্য সব অ্যালিসাইক্লিক যৌগের সমানুসমূহের গঠন লিখ।

সমাধান: (i)



(ii)



(iii)



(iv)



(v)



(vi)



(vii)


(vii)


(ix)


নিচের উপায়ে দ্রুত সমাধান করা যায়।

(i)  (ii)  (iii)  (iv)  (v) 

(vi)  (vii)  (viii)  (ix)  (x) 

45. হাইড্রোজেন আয়নের 5.6×10^{-2}M ঘনমাত্রা বিশিষ্ট 500ml আমের রসের সাথে হাইড্রোজেন আয়নের 4.4×10^{-2} M ঘনমাত্রা বিশিষ্ট 500ml কমলালেবুর রস মিশ্রিত করে ফলের রসের একটি মিশ্রণ তৈরি করা হল। ফলের রসের মিশ্রণের pH কত হবে? ফলের রসের মিশ্রণটি পানযোগ্য হবে কি?

সমাধান: $[H^+] = \frac{5.6\times10^{-2}\times0.5+4.4\times10^{-2}\times0.5}{1}M = 0.05M \quad \left[\because S = \frac{V_1S_1+V_2S_2}{V_1+V_2}\right]$

$pH = -\log[H^+] = 1.301$, যা অতি অম্লীয় $\therefore$ ফলের রসটি পানযোগ্য হবে না।

46. অটোমোবাইল ইঞ্জিন থেকে নির্গত প্রাইমারি দুষক যা একটি সিরিজ আলোক বিক্রিয়ার মাধ্যমে সেকেন্ডারি দুষক তৈরি করে যা স্মগ (ধোঁয়া + কুয়াশা) তৈরি করার জন্য দায়ী। সেকেন্ডারী দুষক তৈরি করতে সংঘটিত বিক্রিয়াগুলো লিখ।

সমাধান: অটোমোবাইল হতে নির্গত প্রাইমারি দূষক; যেমন- হাইড্রোকার্বন, অ্যালডিহাইড, অ্যামিন, কিটোন প্রভৃতি আলোক রাসায়নিক বিক্রিয়ার মাধ্যম সেকেন্ডারি দূষক তৈরি করে।

যেমন, অ্যাসিটোন নিম্ন লিখিত আলোক রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে সেকেন্ডারি দূষক PAN (পার অক্সাইল অ্যাসাইল নাইট্রেট) তৈরি করে। এ PAN ধোঁয়াশা সৃষ্টি করতে সহায়তা করে।

$$CH_3 - \overset{\overset{O}{\|}}{C} - CH_3 + h\nu \rightarrow \dot{C}H_3 + CH_3 - \dot{C}O$$

$$CH_3 - \overset{\overset{O}{\|}}{\dot{C}} + O_2 \rightarrow CH_3 - \overset{\overset{O}{\|}}{C} - O - \dot{O}$$

$$CH_3 - \overset{\overset{O}{\|}}{C} - O - \dot{O} + \dot{N}O_2 \rightarrow CH_3 - \overset{\overset{O}{\|}}{C} - O - O - NO_2(PAN)$$

47. মিথাইল অরেঞ্জ নির্দেশক ব্যবহার করে $50cm^3$ সোডিয়াম হাইড্রোক্সাইডকে প্রশমিত করতে $0.10mol/dm^3$ ঘনমাত্রার $22.3cm^3$ সালফিউরিক এসিড প্রয়োজন হয়। (a) প্রশমন বিক্রিয়াটি লিখ। (b) কত মোল সালফিউরিক এসিড প্রয়োজন? (c) $50cm^3$ সোডিয়াম হাইড্রোক্সাইড দ্রবণে কত মোল সোডিয়াম হাইড্রোক্সাইড আছে? (d) সোডিয়াম হাইড্রোক্সাইড দ্রবণের ঘনমাত্রা মোলারিটিতে নির্ণয় কর।

সমাধান: (a) $2NaOH + H_2SO_4 \rightarrow Na_2SO_4 + 2H_2O$

(b) সালফিউরিক এসিডের প্রয়োজনীয় মোল সংখ্যা, $n = VS = 22.3 \times 10^{-3} \times 0.1mol = 2.23 \times 10^{-3}mol$

(c) 1 mol $H_2SO_4 \equiv$ 2 mol NaOH

$\therefore 2.23 \times 10^{-3}$mol $H_2SO_4 \equiv (2 \times 2.23 \times 10^{-3})$mol NaOH $= 4.46 \times 10^{-3}$mol NaOH

(d) NaOH এর ঘনমাত্রা $= \frac{4.46\times10^{-3}}{50\times10^{-3}}M = 0.0892M$

48. নিচের বিক্রিয়াটি 298K তাপমাত্রায় স্বতঃস্ফূর্ত কিনা তা নির্ণয় কর।

$Co_{(s)} + Fe^{2+}_{(aq)} \rightleftharpoons Co^{2+}_{(aq)} + Fe_{(s)}$

[দেয়া আছে, $[Co^{2+}] = 0.15M$; $[Fe^{2+}] = 0.68M$; $E^0_{Co^{2+}/Co} = -0.28V$; $E^0_{Fe^{2+}/Fe} = -0.44V$]

সমাধান: $E_{cell} = E^0_{cell} - \frac{2.303RT}{nF}\log\frac{[Co^{2+}]}{[Fe^{2+}]} = -0.16 - \frac{2.303\times8.314\times298}{2\times96500}\log\frac{0.15}{0.68} = -0.14V$

$E^0_{cell} = E^0_{Co|Co^{2+}} + E^0_{Fe^{2+}|Fe}$
$= (0.28 - 0.44)V = -0.16V$

$\therefore E_{cell} < 0$ $\therefore$ বিক্রিয়াটি স্বত:স্ফূর্ত নয়।

49. (a) NaCl এবং NaI এর মিশ্রিত দ্রবণে ব্রোমিন যোগ করলে কি ঘটে?

(b) দ্রবণে Cl^- আয়নের উপস্থিতি কিভাবে নিশ্চিত করবে?

সমাধান: (a) $2NaCl + Br_2 \rightarrow$ No Reaction ; $2NaI + Br_2 \rightarrow 2NaBr + I_2$

(b) $Cl^- + AgNO_3 \xrightarrow{HNO_3} \underset{\text{সাদা}}{AgCl\downarrow} + NO_3^-$

$AgCl + 2NH_4OH \rightarrow \underset{\text{(দ্রবণীয়)}}{Ag(NH_3)_2Cl} + 2H_2O$

50. নিচের বিক্রিয়া স্কিমে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

$$CH_3\underset{A}{CH_2}CH_2OH \rightarrow B \rightarrow CH_3\underset{C}{CH_2}COOH \rightarrow D \xrightarrow{F} \underset{E}{CH_3CH_2CONH}\underset{CH_3}{|}$$

(a) যৌগ A কে সরাসরি যৌগ C তে পরিণত করতে যে বিকারকগুলো ও অবস্থা প্রয়োজন তা লিখ।

(b) যৌগ A থেকে যৌগ C তে পরিণত হতে যৌগ B তৈরি হয়। যৌগ B এর সংকেত লিখ।

(c) যৌগ C অনার্দ্র অবস্থায় PCl_5 এর সাথে বিক্রিয়া করে যৌগ D তৈরি করা যেতে পারে। বিক্রিয়ার সমীকরণ লিখ।

(d) বিকারক F এর নাম লিখ।

সমাধান: (a) $CH_3CH_2CH_2OH \xrightarrow[[O]]{KMnO_4,\ H_2O_2} CH_3CH_2COOH$

(b) $CH_3CH_2CH_2OH \xrightarrow{[O]} CH_3CH_2CHO$

(c) $CH_3CH_2COOH \xrightarrow{PCl_5} CH_3CH_2COCl$

(d) $CH_3CH_2COCl \xrightarrow{H_2N-CH_3} CH_3CH_2ONH - CH_3$

51. (a) নিচের জৈব যৌগের রাসায়নিক নাম ও সংকেত লিখ।

(i) মার্স গ্যাস (ii) উড অ্যালকোহল (iii) এন্ট্রিফ্রিজ (iv) মথবলস্ (v) ভিনেগারের প্রধান উপাদান

(b) নিচের এসিড দুটোর সংযুক্ত ক্ষার এর সংকেত লিখ।

(i) H_2SO_3 (ii) $C_2HO_4^-$

সমাধান: (a)

(i) Marsh gas – Methane gas – $H-\underset{H}{\overset{H}{\overset{|}{\underset{|}{C}}}}-H$

(ii) Wood alcohol – Methanol – $H-\underset{H}{\overset{H}{\overset{|}{\underset{|}{C}}}}-OH$

(iii) Antifreeze – Ethylene glycol – $\underset{OH}{\overset{|}{C}}H_2 - \underset{OH}{\overset{|}{C}}H_2$

(iv) Mothballs – Napthalene –



(v) Vinegar – Acetic acid – CH_3COOH

(b)

(i) $H_2SO_3 \rightleftharpoons H^+ + \underline{HSO_3^-}$ (ii) $C_2HO_4^- \rightleftharpoons H^+ + \underline{C_2O_4^{2-}}$

52. নিচের ছকটি সঠিক pH দিয়ে পূরণ কর।

Subject	pH range
মানবদেহের রক্ত	
মৃৎ শিল্পের মাটি	
চামড়া ট্যানিং	
গোসলের সাবান	

সমাধান:

Subject	pH range
মানবদেহের রক্ত	7.35-7.45
মৃৎ শিল্পের মাটি	6-6.5
চামড়া ট্যানিং	3.5-4.5
গোসলের সাবান	8.5-9.5

53. গ্যাসীয় অবস্থায় সাইক্লোপ্রোপেন থেকে সাইক্লোপ্রোপিন তৈরি একটি প্রথম ক্রম বিক্রিয়া যার হার ধ্রুবক $500°C$ এ $6.7 \times 10^{-4} s^{-1}$ ।

(a) সাইক্লোপ্রোপেন এর প্রাথমিক ঘনমাত্রা যদি 0.25M হয় তবে 8.8 min পর এর ঘনমাত্রা কত হবে?

(b) সাইক্লোপ্রোপেন এর ঘনমাত্রা 0.25 M থেকে হ্রাস পেয়ে 0.15 M হতে কত সময় লাগবে?

সমাধান: (a) $C = C_o e^{-kt} = 0.25 \times e^{-6.7\times10^{-4}\times8.8\times60} M = 0.1755M$

(b) $C = C_o e^{-kt} \Rightarrow \ln\frac{C}{C_o} = -kt \therefore t = \frac{\ln\frac{C}{C_o}}{-k} = \frac{\ln\frac{0.15}{0.25}}{-6.7\times10^{-4}} s = 762.43s$

54. নিচের শব্দ সংক্ষেপগুলোর পূর্ণরূপ লিখ:

(a) ETP (b) MRI (c) PPM (d) TDS (e) BOD

সমাধান: (a) Effluent Treatment Plant

(b) Magnetic Resonance Imaging

(c) Parts Per Million

(d) Total Dissolved Solids

(e) Biochemical Oxygen Demand

55. নিম্নলিখিত বিক্রিয়াগুলোর উৎপাদগুলো কি?

(a) 

(b) 

(c) 
trans−2−butene

(d) 

(e) 

সমাধান: (a) 

(b) 

(c) 
trans−2−butene

(d)

(e)

56. (a) ঘন সালফিউরিক এসিডের সাথে 2,3-ডাইমিথাইলবিউটান-2-অল বিক্রিয়া করে দুটি সমানুযৌগ উৎপন্ন করে যার আণবিক সংকেত C_6H_{12} । বিক্রিয়াটির নাম লিখ এবং বিক্রিয়ায় উৎপন্ন মধ্যবর্তী কার্বোনিয়াম আয়নের গাঠনিক সংকেত লিখ।

(b) উপরের বিক্রিয়ায় উৎপন্ন সমানু দুটির গাঠনিক সংকেত লিখ।

সমাধান: (a); বিক্রিয়াটির নাম নিরুদন বিক্রিয়া। $CH_3-\underset{\underset{OH}{|}}{\overset{\overset{CH_3}{|}}{C}}-\underset{\oplus}{\overset{\overset{CH_3}{|}}{C}}-CH_3$ **অথবা,** $\underset{\oplus}{CH_2}-\underset{\underset{OH}{|}}{\overset{\overset{CH_3}{|}}{C}}-\overset{\overset{CH_3}{|}}{CH}-CH_3$

(b) $H-\underset{\underset{H}{|}}{\overset{\overset{H}{|}}{C}}-\overset{\overset{H}{|}}{\underset{\underset{H}{|}}{C}}-\overset{\overset{H}{|}}{C}=\overset{\overset{H}{|}}{C}-\underset{\underset{H}{|}}{\overset{\overset{H}{|}}{C}}-H$ এবং $H-\overset{\overset{H}{|}}{C}=\overset{\overset{H}{|}}{\underset{\underset{H}{|}}{C}}-\underset{\underset{H}{|}}{\overset{\overset{H}{|}}{C}}-\underset{\underset{H}{|}}{\overset{\overset{H}{|}}{C}}-H$

57. (a) নিচের যৌগগুলোর আকৃতির নাম লিখ।

(i) BCl_3 (ii) NH_3 (iii) PCl_5

(b) নিচের যৌগগুলোর কেন্দ্রীয় পরমাণুর হাইব্রিডাইজেশন (সংকরায়ণ) অবস্থা উল্লেখ কর।

(i) $[Cu(NH_3)_4]^{2+}SO_4^{2-}$ (ii) SF_6

সমাধান: (a) (i) সমতলীয় ত্রিভুজাকার (ii) পিরামিড আকৃতির (iii) ত্রিভুজীয় দ্বিপিরামিড

(b) (i) sp^2d (ii) sp^3d^2

58. $100cm^3$ জলীয় দ্রবণে কোন যৌগের (আণবিক ভর 18800g/mol) 0.95g দ্রবীভূত আছে। 580 nm তরঙ্গ দৈর্ঘ্যে এবং 10 cm পথের দৈর্ঘ্যে শোষণ 0.06 হলে দ্রবণটির মোলার শোষণ ধ্রুবক কত?

সমাধান: ঘনমাত্রা, $C = \frac{\frac{0.95}{18800}}{0.1} M = 5.05 \times 10^{-4} M$

$A = \varepsilon Cl$; $\varepsilon = \frac{A}{Cl} = \frac{0.06}{10 \times 5.05 \times 10^{-4}} L\, mol^{-1} cm^{-1} = 11.874\, L\, mol^{-1} cm^{-1}$

59. Ag_2CO_3 ($K_{sp} = 8.2 \times 10^{-12}$) এবং $CuCO_3$ ($K_{sp} = 2.5 \times 10^{-10}$) এর দ্রাব্যতা নির্ণয় কর এবং কোন কার্বনেটটির দ্রাব্যতা কম উল্লেখ কর।

সমাধান: ধরি, Ag_2CO_3 এর দ্রাব্যতা S ।

এখন, $Ag_2CO_3 \rightleftharpoons 2Ag^+ + CO_3^{2-}$

$\therefore (2S)^2 \times S = 8.2 \times 10^{-12} \Rightarrow 4S^3 = 8.2 \times 10^{-12} \therefore S = 1.27 \times 10^{-4} M$

আবার, ধরি, $CuCO_3$ এর দ্রাব্যতা S' ।

$CuCO_3 \rightleftharpoons Cu^{2+} + CO_3^{2-} \therefore S'^2 = 2.5 \times 10^{-10} \therefore S' = 1.58 \times 10^{-5} M$

$\therefore S > S' \therefore CuCO_3$ এর দ্রাব্যতা কম।

60. (a) নিচের প্রত্যেক শিল্পকারখানা থেকে নির্গত প্রধান দুটি বায়ু দুষকের নাম লিখ।

(i) সিমেন্ট কারখানা (ii) ইউরিয়া কারখানা (iii) চামড়া কারখানা

(b) নিচের শিল্পকারখানাগুলোর প্রধান কাঁচামাল / কাঁচামালগুলো কি?

(i) গ্লাস কারখানা (ii) সিরামিকস্ কারখানা

সমাধান: (a) (i) NO_2, SO_2 (ii) NH_3, SO_2 (iii) সালফাইড, মারক্যাপটান

(b) (i) বালি (SiO_2), চুন (CaO), সোডা (Na_2CO_3)

(ii) কাদামাটি (চায়না ক্লে, বল ক্লে, সাধারণ মাটি), ফেলস্পার এবং বালি (SiO_2)

BUET Admission Test 2014-2015

[N.B: * চিহ্ন দেওয়া প্রশ্নগুলো পুরাতন সিলেবাসের।]

Mathematics (Written)

01. $\vec{B} = 2\hat{i} - 4\hat{j} + 3\hat{k}$ ভেক্টর এর লম্ব দিক বরাবর $\vec{A} = -\hat{i} - \hat{j} + 2\hat{k}$ ভেক্টর এর অংশক $\vec{W}$ নির্ণয় কর। অত:পর $\vec{W}$ ভেক্টরের উপর $\vec{A}$ ভেক্টরের অভিক্ষেপ নির্ণয় কর।

সমাধান: $\vec{B}$ বরাবর $\vec{A}$ এর অভিক্ষেপ $= A\cos\theta = \frac{\vec{A}.\vec{B}}{B} = \frac{8}{\sqrt{29}}$

$\vec{B}$ বরাবর একক ভেক্টর $= \frac{1}{\sqrt{29}}(2\hat{i} - 4\hat{j} + 3\hat{k})$ $\therefore \vec{A}_x = \frac{8}{29}(2\hat{i} - 4\hat{j} + 3\hat{k})$

Note: $\vec{A} = \overrightarrow{Ax} + \overrightarrow{Ay}$

$\therefore \vec{A}_y = \vec{A} - \vec{A}_x = \left(-1 - \frac{16}{29}\right)\hat{i} + \left(-1 + \frac{32}{29}\right)\hat{j} + \left(2 - \frac{24}{29}\right)\hat{k} = \frac{1}{29}(-45\hat{i} + 3\hat{j} + 34\hat{k})$

$\therefore \vec{W} = \frac{1}{29}(-45\hat{i} + 3\hat{j} + 34\hat{k})$

$\vec{W}$ ভেক্টরের উপর $\vec{A}$ এর অভিক্ষেপ $A_y = \frac{\sqrt{3190}}{29}$



02. মনে কর R বাস্তব সংখ্যার সেট; $A, B \subset R, f: A \to B$ যেখানে $f(x) = \frac{3x+2}{7x-3}$. ফাংশনটির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর এবং দেখাও যে ফাংশনটি এক-এক ও সার্বিক। f^{-1} ও নির্ণয় কর।

সমাধান: Given, $f(x) = \frac{3x+2}{7x-3}$; $x = \frac{3}{7}$ হলে, $f(x) =$ undetermined $\therefore$ ডোমেন $= R\setminus\left\{\frac{3}{7}\right\}$ (Ans.)

আবার, $f(x) = y = \frac{3x+2}{7x-3} \Rightarrow 7xy - 3y = 3x + 2 \Rightarrow x(7y-3) = 3y + 2 \Rightarrow x = \frac{3y+2}{7y-3}$.....(i)

$y = \frac{3}{7}$ হলে, $x =$ undetermined $\therefore$ রেঞ্জ $= R\setminus\left\{\frac{3}{7}\right\}$ (Ans.)

এখন, যেকোন, $x_1, x_2 \in A$ এর জন্য $f(x_1) = f(x_2)$ হবে যদি ও কেবল যদি, $\frac{3x_1+2}{7x_1-3} = \frac{3x_2+2}{7x_2-3}$ বা, $x_1 = x_2$ হয়

$\therefore$ ফাংশনটি এক-এক ও সার্বিক। যেহেতু প্রতিটি ডোমেনের জন্য একটি ভিন্ন রেঞ্জ আছে।

(i) হতে, $x = \frac{3y+2}{7y-3} \Rightarrow f^{-1}(y) = \frac{3y+2}{7y-3} \Rightarrow f^{-1}(x) = \frac{3x+2}{7x-3}$ (Ans.)

03. যদি $x^3 - px^2 - qx - r = 0$ সমীকরণের মূলগুলি a, b, c হয় তবে $a^3 + b^3 + c^3$ এর মান নির্ণয় কর।

সমাধান: $x^3 - px^2 - qx - r = 0$; $a + b + c = p$; $ab + bc + ca = -q$; $abc = r$

Now, $a^3 + b^3 + c^3 = (a+b+c)\{(a+b+c)^2 - 3(ab+bc+ca)\} + 3abc$

$= p\{(p)^2 - 3(-q)\} + 3r = p(p^2 + 3q) + 3r$ (Ans.)

04. তিনটি একই রকমের বাক্সের প্রতিটিতে দুইটি একই রকমের ড্রয়ার আছে। প্রথম বাক্সের দুইটি ড্রয়ারের প্রতিটিতে একটি করে পেন্সিল, দ্বিতীয় বাক্সের প্রতি ড্রয়ারে একটি করে কলম এবং তৃতীয় বাক্সের একটি ড্রয়ারে একটি পেন্সিল ও আর একটি ড্রয়ারে একটি কলম আছে। লটারী করে একটি বাক্স নির্বাচন করা হল ও নির্বাচিত বাক্সের একটি ড্রয়ার খুলে পেন্সিল পাওয়া গেল। পেন্সিলটি যে প্রথম বাক্সের তার সম্ভাব্যতা নির্ণয় কর।

সমাধান: $P = \frac{\frac{1}{3}\times\frac{2}{2}}{\frac{1}{3}\left(\frac{2}{2}+\frac{0}{2}+\frac{1}{2}\right)} = \frac{2}{3}$ (Ans.)

05.* পাশের ধারাটির n-তম পদ পর্যন্ত যোগফল নির্ণয় কর: $\frac{14}{1.4.2.5} + \frac{68}{4.7.5.8} + \frac{158}{7.10.8.11} + \cdots\cdots$

সমাধান: $u_n = \frac{18n^2-4}{(9n^2+3n-2)(9n^2-3n-2)} = \frac{(9n^2+3n-2)+(9n^2-3n-2)}{(9n^2+3n-2)(9n^2-3n-2)} = \frac{1}{(9n^2-3n-2)} + \frac{1}{(9n^2+3n-2)}$

$= \frac{1}{(3n-1)(3n+2)} + \frac{1}{(3n+1)(3n-2)} \Rightarrow S_n = c - \frac{1}{3(3n-1)} - \frac{1}{3(3n-2)} \Rightarrow \frac{14}{1\times4\times2\times5} = c - \frac{1}{3.2} - \frac{1}{3.1}$

$\therefore c = \frac{17}{20}$ $\therefore S_n = \frac{17}{20} - \frac{1}{3(3n-1)} - \frac{1}{3(3n-2)}$ (Ans.)

06. C কেন্দ্রবিশিষ্ট $x^2+y^2+6x-4y+4=0$ বৃত্তটি x- অক্ষকে A ও B বিন্দুতে ছেদ করে। x- অক্ষের খন্ডিতাংশ AB এবং ABC ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান: $x^2+y^2+6x-4y+4=0;\ \text{Here}, g=3, f=-2, c=4$

$AB=2\sqrt{g^2-c}=2\sqrt{3^2-4}=2\sqrt{5}$ (Ans.)

A ও B বিন্দুর কোটি 0।

Now, $x^2+6x+4=0 \Rightarrow x=\frac{-6\pm2\sqrt{5}}{2}\ \ \therefore x=-3\pm\sqrt{5};\ C\equiv(-3,2)$

এখন, $\Delta ABC=\frac{1}{2}\begin{vmatrix}-3 & 2 & 1\\ -3+\sqrt{5} & 0 & 1\\ -3-\sqrt{5} & 0 & 1\end{vmatrix}$

$=\frac{1}{2}[-3(0-0)-2(-3+\sqrt{5}+3+\sqrt{5})+1(0-0)]=\frac{1}{2}\times(-2)[2\sqrt{5}]=-2\sqrt{5}$

$\therefore |\Delta ABC|=2\sqrt{5}$ বর্গ একক (Ans.)

07. $2x-3y+4=0$ এবং $2y-3x-1=0$ সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী কোণগুলির সমদ্বিখণ্ডক সমূহ যথাক্রমে x-অক্ষকে P, R এবং y অক্ষকে Q, S বিন্দুতে ছেদ করে। একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা সমদ্বিখণ্ডক সমূহের ছেদ বিন্দু দিয়ে যায় এবং PS রেখা সমান্তরাল।

সমাধান: $\frac{2x-3y+4}{\sqrt{2^2+(-3)^2}}=\pm\frac{-3x+2y-1}{\sqrt{(-3)^2+2^2}} \Rightarrow 2x-3y+4=-3x+2y-1$ [+ চিহ্ন নিয়ে]

$\Rightarrow 5x+5=5y \Rightarrow \boxed{y=x+1} \Rightarrow x-y=-1$ .....(i)

আবার, $2x-3y+4=3x-2y+1$ [– চিহ্ন নিয়ে] $\Rightarrow \boxed{x+y=3}$ .....(ii)

$\therefore P\equiv(-1,0), R\equiv(3,0); Q\equiv(0,1), S\equiv(0,3)$

(i) ও (iii) এর ছেদবিন্দু $\equiv(1,2)$

PS রেখা: $\frac{y-y_1}{y_1-y_2}=\frac{x-x_1}{x_1-x_2} \Rightarrow \frac{y-0}{0-3}=\frac{x+1}{-1-0} \Rightarrow \frac{y}{-3}=\frac{x+1}{-1} \Rightarrow y=3x+3 \Rightarrow 3x-y+3=0$

$\therefore$ PS রেখার সমান্তরাল ও (1, 2) বিন্দুগামী রেখা: $3x-y=3-2=1 \Rightarrow 3x-y-1=0$ (Ans.)

08. যে কণিকের আড় অক্ষ $x-2y+1=0$, উপকেন্দ্র (1,1), উৎকেন্দ্রীতা $\sqrt{2}$ এবং নিয়ামকের উপর একটি বিন্দু $(2,-3)$ তার সমীক এবং উপকেন্দ্রিক লম্বের সমীকরণ নির্ণয় কর।

সমাধান: নিয়ামকের সমীকরণ: $2x+y=2\times2-3=1 \Rightarrow 2x+y-1=0$

$\frac{SP}{PM}=e \Rightarrow SP^2=e^2.PM^2 \Rightarrow (x-1)^2+(y-1)^2=\left(\sqrt{2}\right)^2.\frac{(2x+y-1)^2}{2^2+1^2}$

$\Rightarrow x^2+y^2-2x-2y+2=\frac{2}{5}(4x^2+y^2+1+4xy-4x-2y)$

$\Rightarrow 5x^2+5y^2-10x-10y+10=8x^2+2y^2+8xy-8x-4y+2$

$\Rightarrow 3x^2-3y^2+8xy+2x+6y-8=0$ (Ans.)

উপকেন্দ্রিক লম্ব: (1,1) বিন্দুগামী $x-2y+1=0$ এর উপর লম্ব।

$\therefore 2x+y=2\times1+1 \Rightarrow \boxed{2x+y=3}$ (Ans.)

09. সমাধান কর: $\cot x+\cot2x+\cot3x=\cot x\cot2x\cot3x$.

সমাধান: $\cot x+\cot2x+\cot3x=\cot x.\cot2x.\cot3x$

$\Rightarrow \frac{1}{\tan x}+\frac{1}{\tan2x}+\frac{1}{\tan3x}=\frac{1}{\tan x}.\frac{1}{\tan2x}.\frac{1}{\tan3x} \Rightarrow \frac{\tan2x.\tan3x+\tan x.\tan3x+\tan x.\tan2x}{\tan x.\tan2x.\tan3x}=\frac{1}{\tan x.\tan2x.\tan3x}$

$\Rightarrow \tan3x.\tan2x.\tan x\,(1-\tan3x.\tan2x-\tan2x.\tan x-\tan x.\tan3x)=0$

Now, $\tan(x+2x+3x)=\frac{\tan x+\tan2x+\tan3x-\tan x.\tan2x.\tan3x}{1-\tan x.\tan2x-\tan2x.\tan3x-\tan3x.\tan x}$

$\Rightarrow \tan(6x).0=\tan x+\tan2x+\tan3x-\tan x.\tan2x.\tan3x$

$\Rightarrow \frac{\sin x}{\cos x}+\frac{\sin2x}{\cos2x}+\frac{\sin3x}{\cos3x}=\frac{\sin x.\sin2x.\sin3x}{\cos x.\cos2x.\cos3x} \Rightarrow \frac{\sin x.\cos3x+\sin2x.\cos x}{\cos x.\cos2x}=\tan3x\left(\frac{\sin x.\sin2x-\cos x.\cos2x}{\cos x.\cos2x}\right)$

$\Rightarrow \frac{\sin3x}{\cos x.\cos2x}=-\tan3x\left(\frac{\cos3x}{\cos x.\cos2x}\right)=\frac{-\sin3x}{\cos2x.\cos x} \Rightarrow 2.\sin3x=0 \Rightarrow \sin3x=0;\ 3x=n\pi \ \ \therefore x=\frac{1}{3}n\pi$ (Ans.)

10. যদি $\tan\frac{\theta}{2}=\sqrt{\frac{1-P}{1+p}}\tan\frac{\alpha}{2}$, show that $\cos\alpha=\frac{\cos\theta-P}{1-P\cos\theta}$.

সমাধান: Given, $\tan\frac{\theta}{2}=\sqrt{\frac{1-p}{1+p}}\tan\left(\frac{\alpha}{2}\right)$

এখন, $\cos\alpha=\frac{1-\tan^2\left(\frac{\alpha}{2}\right)}{1+\tan^2\left(\frac{\alpha}{2}\right)}=\frac{1-\frac{1+p}{1-p}.\tan^2\frac{\theta}{2}}{1+\frac{1+p}{1-p}.\tan^2\frac{\theta}{2}}=\frac{1-p-(1+p)\tan^2\frac{\theta}{2}}{1-p+(1+p)\tan^2\frac{\theta}{2}}$

আবার, $\frac{\cos\theta-p}{1-p\cos\theta}=\frac{\frac{1-\tan^2\frac{\theta}{2}}{1+\tan^2\frac{\theta}{2}}-p}{1-p.\frac{1-\tan^2\frac{\theta}{2}}{1+\tan^2\frac{\theta}{2}}}=\frac{1-p-(1+p)\tan^2\frac{\theta}{2}}{1-p+(1+p)\tan^2\frac{\theta}{2}}$ $\therefore\ \cos\alpha=\frac{\cos\theta-p}{1-p\cos\theta}$ [Showed]

11. যদি $y=(x+\sqrt{1+x^2})^m+(x+\sqrt{1+x^2})^{-m}$ হয়, তবে $(1+x^2)y_2+xy_1-m^2y$. এর মান নির্ণয় কর।

সমাধান: $y=\left(x+\sqrt{1+x^2}\right)^m+\left(x+\sqrt{1+x^2}\right)^{-m}$

$\Rightarrow y_1=m\left(x+\sqrt{1+x^2}\right)^{m-1}\times\left(1+\frac{x}{\sqrt{1+x^2}}\right)-m\left(x+\sqrt{1+x^2}\right)^{-m-1}\times\left(1+\frac{x}{\sqrt{1+x^2}}\right)$

$=\frac{m}{\sqrt{1+x^2}}\left(x+\sqrt{1+x^2}\right)^m-\frac{m}{\sqrt{1+x^2}}\left(x+\sqrt{1+x^2}\right)^{-m}$

$\Rightarrow y_2=m\left[\left(x+\sqrt{1+x^2}\right)^{m-1}\times m\times\left(1+\frac{x}{\sqrt{1+x^2}}\right)\times\frac{1}{\sqrt{1+x^2}}+\left(x+\sqrt{1+x^2}\right)^m\times(1+x^2)^{-\frac{3}{2}}\times 2x\times\left(-\frac{1}{2}\right)\right]$

$-m\left[\left(x+\sqrt{1+x^2}\right)^{-m-1}\times(-m)\times\left(1+\frac{x}{\sqrt{1+x^2}}\right)\times\frac{1}{\sqrt{1+x^2}}+\left(x+\sqrt{1+x^2}\right)^{-m}\times 2x\times(1+x^2)^{-\frac{3}{2}}\times\left(-\frac{1}{2}\right)\right]$

$=\frac{m^2}{1+x^2}\left(x+\sqrt{1+x^2}\right)^m-\frac{1}{2}\left(x+\sqrt{1+x^2}\right)^m\times(1+x^2)^{-\frac{3}{2}}\times m+\frac{m^2}{1+x^2}\left(x+\sqrt{1+x^2}\right)^{-m}$

$+\frac{1}{2}\left(x+\sqrt{1+x^2}\right)^{-m}\times(1+x^2)^{-\frac{3}{2}}\times m$

$\therefore(1+x^2)y_2=m^2\left[\left(x+\sqrt{1+x^2}\right)^m+\left(x+\sqrt{1+x^2}\right)^{-m}\right]-x\times\left[\frac{m}{\sqrt{1+x^2}}\left(x+\sqrt{1+x^2}\right)^m-\frac{m}{\sqrt{1+x^2}}\left(x+\sqrt{1+x^2}\right)^{-m}\right]$

$\therefore(1+x^2)y_2=m^2y-xy_1\ \ \therefore(1+x^2)y_2+xy_1-m^2y=0$ (Ans.)

12. একটি নলাকার আবদ্ধ টিনের তৈরি পাত্রের তরল পদার্থ ধারণ ক্ষমতা 1 litre ($1000\ cm^3$). পাত্রটির উচ্চতা ও ব্যাসার্ধ কত হলে পাত্রটি তৈরি করতে ন্যূনতম টিনের প্রয়োজন হবে?

সমাধান: $\pi r^2h=1\ \Rightarrow h=\frac{1}{\pi r^2}$

ক্ষেত্রফল $=2\pi r(r+h)=2\pi r^2+2\pi rh=2\pi r^2+2\pi r.\frac{1}{\pi r^2}=2\pi r^2+\frac{2}{r}$

ক্ষেত্রফল এর 1st derivative $=4\pi r-\frac{2}{r^2}=0\Rightarrow 4\pi r=\frac{2}{r^2}\ \Rightarrow r^3=\frac{1}{2\pi}$ .....(i)

$\Rightarrow\pi r^2=\frac{1}{2r}\ \Rightarrow\frac{1}{h}=\frac{1}{2r}\ \therefore h=2r$ .....(ii)

(i) হতে, $r=\sqrt[3]{\frac{1}{2\pi}}=5.419cm$ (Ans.)

$\therefore h=10.838cm$ (Ans.)

13. যোগজ নির্ণয় কর: $\int\frac{x^2+1}{x^4+1}dx$

সমাধান: $\int\frac{x^2+1}{x^4+1}dx=\int\frac{1+\frac{1}{x^2}}{x^2+\frac{1}{x^2}}dx=\int\frac{1+\frac{1}{x^2}}{\left(x-\frac{1}{x}\right)^2+(\sqrt{2})^2}dx=\frac{1}{\sqrt{2}}\tan^{-1}\left(\frac{x-\frac{1}{x}}{\sqrt{2}}\right)+c$ (Ans.)

14. ভূমির সাথে α কোণে হেলানো একটি সমতলের উপর একটি 20 kg ওজনের বস্তুকে তল ও ভূমির সমান্তরালে 10kg-wt মানের দুইটি সমান বল প্রয়োগে স্থির অবস্থায় রাখা হয়েছে। তলের উপর ক্রিয়ারত বলের পরিমাণ নির্ণয় কর।

সমাধান: এখন, $R=20\cos\alpha+10\sin\alpha$ .....(i)

আর, $20\sin\alpha=10+10\cos\alpha\ \Rightarrow 2\sin\alpha=1+\cos\alpha=2\cos^2\frac{\alpha}{2}$

$\Rightarrow 2.2\sin\frac{\alpha}{2}.\cos\frac{\alpha}{2}=2\cos^2\frac{\alpha}{2}\ \Rightarrow\cos\frac{\alpha}{2}\left(\cos\frac{\alpha}{2}-2\sin\frac{\alpha}{2}\right)=0$

$\therefore\cos\frac{\alpha}{2}=0$ অথবা, $\cos\frac{\alpha}{2}=2\sin\frac{\alpha}{2}$

$\frac{\alpha}{2}=\frac{\pi}{2}$ $\Rightarrow\tan\frac{\alpha}{2}=\frac{1}{2}$

$\therefore\alpha=\pi$ [যা অসম্ভব] $\therefore\alpha=53.13°$

$\therefore$ (i) হতে $R=20\ kg-wt$ (Ans.)



15. একটি স্থির মসৃণ পুলির উপর দিয়ে ঝুলানো একটি হালকা রশির এক প্রান্তে 51kg ওজনের একটি বস্তু সংযুক্ত আছে। রশির অপর প্রান্ত বেয়ে সুষম ত্বরণে একটি বালক 4s এ 4.9 m উপরে উঠে। বস্তুটি যদি স্থির অবস্থায় থাকে তবে বালকটির ওজন নির্ণয় কর। [$g = 9.8 m/s^2$]

সমাধান: $u = 0 ms^{-1},\ t = 4s, h = 4.9m$

Now, $s = ut + \frac{1}{2}at^2 \Rightarrow 4.9 = 0 \times 4 + \frac{1}{2} \times a \times 4^2 \quad \therefore a = 0.6125$

Now, $51 \times 9.8 = m(9.8 + 0.6125) \therefore m = 48kg - wt$ (Ans.)

16. একজন ছাত্র ভর্তি পরীক্ষায় চারটি বিষয় Math, Phy, Chem, Eng এ অংশগ্রহণ করে। তার পাশের সম্ভাব্যতা Math এ $\frac{4}{5}$, Phy এ $\frac{3}{4}$, Chem এ $\frac{5}{6}$ এবং Eng এ $\frac{2}{3}$. যোগ্যতা অর্জনের জন্য তাকে অবশ্যই Math এ এবং ন্যূনতম অন্য যে কোন দুই বিষয়ে পাশ করতে হবে। ভর্তি পরীক্ষায় তার যোগ্যতা অর্জনের সম্ভাব্যতা কত?

সমাধান: (i) Phy – এ ফেল: $\frac{4}{5} \times \frac{1}{4} \times \frac{5}{6} \times \frac{2}{3} = \frac{1}{9}$

(ii) Che – এ ফেল: $\frac{4}{5} \times \frac{3}{4} \times \frac{1}{6} \times \frac{2}{3} = \frac{1}{15}$

(iii) Eng – এ ফেল: $\frac{4}{5} \times \frac{3}{4} \times \frac{5}{6} \times \frac{1}{3} = \frac{1}{6}$

(iv) সবগুলোতে পাশ: $\frac{4}{5} \times \frac{3}{4} \times \frac{5}{6} \times \frac{2}{3} = \frac{1}{3} \quad \therefore$ সম্ভাব্যতা $= \frac{1}{9} + \frac{1}{15} + \frac{1}{6} + \frac{1}{3} = \frac{61}{90}$ (Ans.)

17. $y^2 = x - 1$ পরাবৃত্ত এবং $2y = x - 1$ সরলরেখা দিয়ে আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান: $y^2 = x - 1; 2y = x - 1 \Rightarrow y^2 = 2y \Rightarrow y = 0, 2 \therefore x = 1, 5$

$\therefore$ ছেদবিন্দুদ্বয় $(1, 0)$ ও $(5, 2)$

$\therefore \Delta = \int_1^5 (y_1 - y_2)dx = \int_1^5 \left\{\sqrt{x-1} - \left(\frac{x}{2} - \frac{1}{2}\right)\right\} dx$

$= \left[\frac{(x-1)^{\frac{3}{2}}}{\frac{3}{2}} - \frac{x^2}{4} + \frac{x}{2}\right]_1^5 = \frac{19}{12} - \frac{1}{4} = \frac{4}{3}$ বর্গ একক (Ans.)



18. $\lim_{x \to 0} \frac{1-e^{2x}}{\ln(1-x)}$ এর মান বের কর।

সমাধান: $\lim_{x \to 0} \frac{1-e^{2x}}{\ln(1-x)} \left[\frac{0}{0} \text{ form}\right] = \lim_{x \to 0} \frac{-2e^{2x}}{\frac{1}{1-x}(-1)} = \lim_{x \to 0} \{2e^{2x}(1-x)\} = 2$ (Ans.)

19. 'a' এর বাস্তব মান কত হলে $x^3 + 3ax^2 + x + 1 = 0$ সমীকরণের মূলগুলো সমান্তর প্রগমনে থাকবে? সমীকরণটির মূলগুলোও নির্ণয় কর।

সমাধান: $x^3 + 3ax^2 + x + 1 = 0$

ধরি, মূলগুলো: $(\alpha - d), \alpha, (\alpha + d) \therefore 3\alpha = -3a \therefore \alpha = -a$ ..... (i)

আবার, $(\alpha - d)(\alpha).(\alpha + d) = -1 \Rightarrow (\alpha^2 - d^2)\alpha = -1 \Rightarrow \alpha^3 - \alpha d^2 = -1$ ..... (ii)

আবার, $(\alpha - d).\alpha + \alpha.(\alpha + d) + \alpha^2 - d^2 = 1 \Rightarrow \alpha^2 - \alpha d + \alpha^2 + \alpha d + a^2 - d^2 = 1$

$\Rightarrow 3\alpha^2 - d^2 = 1 \quad \Rightarrow 2\alpha^2 + (\alpha^2 - d^2) = 1 \Rightarrow 2\alpha^2 + \frac{-1}{\alpha} = 1 \Rightarrow 2\alpha^3 - 1 = \alpha \Rightarrow 2\alpha^3 - \alpha - 1 = 0$

$\therefore \alpha = 1$; (i) নং হতে, $a = -1$ (Ans.)

(ii) হতে, $1 - d^2 = -1 \Rightarrow d = \sqrt{2} \quad \therefore$ মূলগুলো, $1 - \sqrt{2},\ 1,\ 1 + \sqrt{2}$ (Ans.)

20. শূন্য ব্যতীত k এর এমন একটি মান নির্ণয় কর যা নিচে উল্লেখিত ফাংশনকে $x = 0$ বিন্দুতে অবিচ্ছিন্ন করবে। তোমার উত্তরের যৌক্তিকতা ব্যাখ্যা কর।

$$f(x) = \begin{cases} \frac{\tan kx}{x}, & x < 0 \\ 3x + 2k^2, & x \geq 0 \end{cases}$$

সমাধান: Given, $f(x) = \begin{cases} \frac{\tan kx}{x}, & x < 0 \\ 3x + 2k^2, & x \geq 0 \end{cases}$

1st part: L. H. L $= \lim_{x \to 0^-} \frac{\tan kx}{x} = \lim_{x \to 0^-} \frac{\tan kx}{kx} \times k = k$

R. H. L $= \lim_{x \to 0^+} (3x + 2k^2) = 2k^2$; **Again,** $f(0) = 3 \times 0 + 2k^2 = 0 + 2k^2 = 2k^2$

For continuity of $f(x)$ at $x = 0,\ 2k^2 = k \ \therefore k = 0, \frac{1}{2}$; So, $k = \frac{1}{2}$ As k is nonzero.

2nd part: if $k = \frac{1}{2}$; $f(x) = \begin{cases} \frac{\tan\frac{x}{2}}{x}, & x < 0 \\ 3x + \frac{1}{2}, & x \geq 0 \end{cases}$

Now, $\lim_{x \to 0^-} \frac{\tan\frac{x}{2}}{\frac{x}{2}} \times \frac{1}{2} = \frac{1}{2}$; $\lim_{x \to 0^+} \left(3x + \frac{1}{2}\right) = \frac{1}{2}$ and, $f(0) = \frac{1}{2}$

$\therefore \lim_{x \to 0^-} f(x) = \lim_{x \to 0^+} f(x) = f(0)$. So, $f(x)$ is continuous at $x = 0$ when $k = \frac{1}{2}$

Physics (Written)

21. সমমন্দনে চলমান একটি ট্রেন প্রথম $\frac{1}{4}$ km অতিক্রম করে 20s এবং দ্বিতীয় $\frac{1}{4}$ km 30 s এ। ট্রেনটি সম্পূর্ণভাবে থামতে আর কতটুকু দূরত্ব অতিক্রম করবে?

সমাধান: মনে করি, আদিবেগ u এবং ত্বরণ a | Here, $\frac{1}{4}\text{km} = 250\text{m}$

এখন, $S = ut + \frac{1}{2}at^2 \Rightarrow 250 = u.20 + \frac{1}{2}.a.20^2 \Rightarrow 250 = 20u + 200a$ ... ... (i)

আবার, $2 \times 250 = u(20 + 30) + \frac{1}{2} \times a \times (20 + 30)^2 \Rightarrow 500 = 50u + 1250a$ ... ... (ii)

(i) ও (ii) সমাধান করে, $u = \frac{85}{6}\text{ms}^{-1}$ এবং $a = -\frac{1}{6}\text{ms}^{-2}$

∴সম্পূর্ণভাবে থামতে আরও অতিক্রম করবে $\left(\frac{u^2}{2|a|} - 500\right) = 102.0833\text{m}$ (Ans.)

22. 4, 5 এবং 6 একক ভরের তিনটি কণার স্থানাঙ্ক যথাক্রমে (4, 0, -1), (3, -2, 3) এবং (2, 1, 4) হলে z অক্ষের সাপেক্ষে তাদের জড়তার ভ্রামক ও চক্রগতির ব্যাসার্ধ নির্ণয় কর।

সমাধান: 4 একক ভরের, $I_z = 4 \times (4^2 + 0^2) = 64$ (Ans.)

5 একক ভরের, $I_z = 5 \times (3^2 + (-2)^2) = 65$ (Ans.)

6 একক ভরের, $I_z = 6 \times (2^2 + 1^2) = 30$ (Ans.)

আবার, 4 একক ভরের চক্রগতির ব্যাসার্ধ, $K = \sqrt{\frac{I}{m}} = \sqrt{\frac{64}{4}} = 4$ (Ans.)

5 একক ভরের চক্রগতির ব্যাসার্ধ, $K = \sqrt{\frac{I}{m}} = \sqrt{\frac{65}{5}} = \sqrt{13}$ (Ans.)

6 একক ভরের চক্রগতির ব্যাসার্ধ, $K = \sqrt{\frac{I}{m}} = \sqrt{\frac{30}{6}} = \sqrt{5}$ (Ans.)

23. একটি লাউড স্পিকারের শঙ্কু (cone) 262 Hz. কম্পাঙ্কে সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত হয়। শঙ্কুর কেন্দ্রের বিস্তার $A = 1.5 \times 10^{-4}\text{m}$ এবং $t = 0$ সময়ে সরণ $x = A$ হয়। শঙ্কুর কেন্দ্রের গতি বর্ণনাকারী সমীকরণটি নির্ণয় কর। শঙ্কুর বেগ ও ত্বরণকে সময়ের ফাংশন হিসাবে প্রকাশ কর।

সমাধান: We know, $x = A\sin(2\pi ft + \delta)$ | [Given, $f = 262\text{Hz}$ & $A = 1.5 \times 10^{-4}\text{m}$]

$t = 0$ তে, $x = A\sin(\delta) \Rightarrow A = A\sin(\delta) \Rightarrow \sin(\delta) = 1 \therefore \delta = \frac{\pi}{2}$

$\therefore x = A\sin\left(524\pi t + \frac{\pi}{2}\right)$ (Ans.)

$\therefore V = \frac{d}{dt}(x) = 524\pi A\cos\left(524\pi t + \frac{\pi}{2}\right)$ (Ans.)

$\therefore a = \frac{d}{dt}(v) = -524^2.\pi^2.A\sin\left(524\pi t + \frac{\pi}{2}\right)$ যেখানে, $A = 1.5 \times 10^{-4}m$ (Ans.)

24. 5m দৈর্ঘ্য এবং 1mm ব্যাস বিশিষ্ট তারে 25kg ভরের ফলে দৈর্ঘ্য 0.1mm প্রসারিত হলে তারটির সঞ্চিত শক্তির পরিমাণ নির্ণয় কর।

সমাধান: We know, একক আয়তনে সঞ্চিত শক্তি, $w = \frac{1}{2} \times$পীড়ন $\times$ বিকৃতি

∴ মোট সঞ্চিত শক্তি $= \frac{1}{2} \times$ পীড়ন $\times$ বিকৃতি $\times$ আয়তন

$= \frac{1}{2} \times \frac{25 \times 9.8}{\pi\left(\frac{1 \times 10^{-3}}{2}\right)^2} \times \frac{0.1 \times 10^{-3}}{5} \times \pi \times \left(\frac{1 \times 10^{-3}}{2}\right)^2 \times 5 = \frac{1}{2} \times 25 \times 9.8 \times 0.1 \times 10^{-3} = 0.01225\text{ J}$ (Ans.)

Alternate: $w = \frac{1}{2}Fl = \frac{1}{2} \times 25 \times 9.8 \times 0.1 \times 10^{-3} = 0.01225\text{J}$ (Ans.)

25. 1.34×10^{-4}kg এবং 4.4×10^{-3}m ব্যাস বিশিষ্ট একটি কাঁচের বল 0.943×10^{3}kg/m^3 ঘনত্ব বিশিষ্ট তেলের মধ্য দিয়ে সুষম বেগে 6.4s সময়ে 0.381m নীচে পড়ে। তেলের সান্দ্রতার সহগের মান নির্ণয় কর।

সমাধান: $v = \frac{s}{t} = \frac{0.381}{6.4} = 0.0595 ms^{-1}$

We know, $\eta = \frac{2r^2(\rho_s - \rho_f)g}{9v} \Rightarrow \eta = \frac{2\times(2.2\times10^{-3})^2\times\left(\frac{1.34\times10^{-4}}{\frac{4}{3}\pi\times(2.2\times10^{-3})^3} - 0.943\times10^3\right)\times9.8}{9\times0.0595} = 0.03724\ Nsm^{-2}$ (Ans.)

26. অণুর ব্যাস 2Å ধরে 10^{-6}mm পারদ চাপ বিশিষ্ট একটি গ্যাস চেম্বারের অণুর গড় মুক্তপথ নির্ণয় কর। STP তে এক গ্রাম গ্যাসের অণু 22.4 L আয়তন দখল করে। ধরে নাও যে চেম্বারটির তাপমাত্রা 273 K.

সমাধান: এখানে, $PV = nRT$

∵ তাপমাত্রা স্থির $P_1V_1 = P_2V_2$ ∴ $V_2 = \frac{P_1V_1}{P_2} = 1.7024 \times 10^{10}L = 1.7024 \times 10^{7}m^3$ মোলার আয়তন

∴ একক আয়তনে অণুর সংখ্যা $n = \frac{N_A}{1.7024\times10^7} = \frac{6.023\times10^{23}}{1.7024\times10^7} = 3.5379 \times 10^{16}m^{-3}$

$\therefore \lambda = \frac{1}{\sqrt{2}\pi\sigma^2 n} = \frac{1}{\sqrt{2}\times\pi\times(2\times10^{-10})^2\times3.5379\times10^{16}} = 159.0485$ m.

27. একটি 75mm ফোকাস দূরত্ব বিশিষ্ট (একক) লেন্সের মুভি ক্যামেরার সাহায্যে 27m দূরত্বে দাঁড়ানো এক ব্যক্তির ছবি নেয়া হলো। লোকটি 180cm লম্বা হলে ফিল্মের মধ্যে প্রতিবিম্বের উচ্চতা কত হবে?

সমাধান: $\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{27} + \frac{1}{v} = \frac{1}{75\times10^{-3}} \Rightarrow v = -0.0752 \therefore m = \left|\frac{v}{u}\right| = \frac{1}{359}$

Again, $m = \frac{h'}{h} \Rightarrow h' = h \times m = 180 \times \frac{1}{359} = \frac{180}{359}$ cm (Ans.)

28. প্রতিটি 220V এ চার্জিত সমআকারের আটটি ছোট গোলাকার ফোঁটাকে মিলিত করে একটি বড় ফোঁটায় পরিণত করা হল। বড় ফোঁটার বিভব কত হবে?

সমাধান: ধরি, প্রতিটি গোলকের চার্জ Q। এখন, $8 \times \left(\frac{4}{3}\pi\right)r^3 = \left(\frac{4}{3}\pi\right)R^3; R = 2r$ ..... (i)

We know, $V = \frac{1}{4\pi\epsilon_o} \times \frac{q}{r}$

বড় ফোটার বিভব V′ এবং প্রতিটি ছোট ফোটার বিভব V হলে, $\frac{V'}{V} = \frac{q'}{q} \times \left(\frac{r}{R}\right) = \frac{8q}{q} \times \left(\frac{r}{2r}\right) = \frac{8}{2} = 4$

$\therefore V' = 4V = 4 \times 220V = 880V$ (Ans.)

29. দুটি $\pi/2$ rad দশা পার্থক্যের সদৃশ অগ্রগামী তরঙ্গ একই দিকে ধাবিত হচ্ছে। যদি তরঙ্গ দুটির প্রত্যেকটির বিস্তার y_m হয় তবে লব্ধি তরঙ্গটির বিস্তার কত?

সমাধান: $A_R = \sqrt{A_1^2 + A_2^2 + 2A_1A_2\cos(\alpha)} = \sqrt{y_m^2 + y_m^2 + 2y_m^2\cos\left(\frac{\pi}{2}\right)} = \sqrt{2y_m^2 + 0} = \sqrt{2}\,y_m$ (Ans.)

30. 220 V এ কার্যরত 100 W এর একটি বাতির ফিলামেন্টের মধ্য দিয়ে প্রতি সেকেন্ডে প্রবাহিত ইলেকট্রনের সংখ্যা নির্ণয় কর। দেওয়া আছে, ইলেকট্রনের চার্জ, $e = 1.6 \times 10^{-19}$C.

সমাধান: We know, $P = VI \Rightarrow I = \frac{P}{v} = \frac{100}{220}$ .....(i)

Now, $I = \frac{q}{t} \Rightarrow \frac{100}{220} = \frac{q}{1} \Rightarrow q = \frac{100}{220}$

$n = \frac{q}{e}$

ধরি, 1s এ প্রবাহিত e^- সংখ্যা = n

Now, $n \times 1.6 \times 10^{-19} = q = \frac{100}{220}$ $\therefore n = 2.84 \times 10^{18}$ টি (Ans.)

31. একটি দ্বিযোজী ধাতুর নমুনার আয়তন 4.0×10^{-5} m^3. ধাতুটির ঘনত্ব 9.0 g/cm^3 এবং মোলার ভর 60 g/mol. ঐ নমুনাটিতে পরিবহন ইলেকট্রনের সংখ্যা কত? [অ্যাভোগেড্রো সংখ্যা = 6.02×10^{23} mol^{-1}]

সমাধান: We know, $\rho = \frac{m}{v} \Rightarrow m = \rho v = 9 \times (4 \times 10^{-5}) \times 10^6(g) = 360g$

মোলার ভর = 60g/mol ∴ $360g = \frac{360}{60} = 6mol$

∴ নমুনাটিতে পরিবহন e^- এর সংখ্যা = $2 \times 6 \times 6.02 \times 10^{23} = 7.224 \times 10^{24}$ (Ans.)

32. একটি 20 kg ভরের কৃত্রিম উপগ্রহ অজানা ভরের একটি গ্রহের চারদিকে 8.0×10^6 m ব্যাসার্ধের বৃত্তাকার পথে আবর্তিত হলে তার পর্যায়কাল 2.4 h হয়। গ্রহপৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের মান $8.0\ m/s^2$ হলে গ্রহটির ব্যাসার্ধ কত?

সমাধান: $(R+h)^3 = \frac{GMT^2}{4\pi^2} \Rightarrow (R+h)^3 = \frac{gR^2T^2}{4\pi^2}\ \left[g = \frac{GM}{R^2}\right]$

$\Rightarrow (8.0 \times 10^6)^3 = \frac{8.0 \times R^2 \times (2.4 \times 3600)^2}{4\pi^2} \Rightarrow R = 5.818 \times 10^6 m$ (Ans.)

33. চিত্রে প্রদর্শিত সার্কিটে সুইচ k খোলা অবস্থায় কারেন্ট I_1, I_2 এবং I_3 এর মান নির্ণয় কর।



সমাধান: সুইচ k খোলা অবস্থায়, $I_3 = 0A$

কার্শফের ভোল্টেজ law apply করে পাই,

$7I_1 - 12 + 9 + 8I_1 = 0$ [Here, $I_1 = I_2$ কেননা একটিই পথে কারেন্ট যাচ্ছে]

$\Rightarrow 15I_1 - 3 = 0 \ \therefore I_1 = I_2 = 0.2$ Amp

Ans: $I_1 = I_2 = 0.2$Amp and $I_3 = 0$ Amp



34. 2.35 m লম্বা এবং 1.63 mm ব্যাস বিশিষ্ট এলুমিনিয়ামের তারের ভিতর দিয়ে 1.24 A বিদ্যুৎ প্রবাহিত হচ্ছে। এই তারে কি পরিমাণ শক্তি ব্যয় হচ্ছে? [এলুমিনিয়াম এর রোধক, $\rho = 2.80 \times 10^{-8}\ \Omega$ m]

সমাধান: We know, $R = \rho.\frac{L}{A} = 2.8 \times 10^{-8} \times \frac{2.35}{\pi\left(\frac{1.63 \times 10^{-3}}{2}\right)^2} = 0.03153\Omega$

$\therefore$ প্রতি সেকেন্ডে ব্যয়িত শক্তি = ক্ষমতা = $I^2R = (1.24)^2 \times 0.03153$ W $= 0.04848$ watt (Ans.)

35. একটি 2.0 cm প্রস্থ এবং 1.0 mm পুরুত্বের কপারের পাতকে $B = 1.5\ Weber/m^2$ চুম্বকক্ষেত্রে রাখা হল। এই পাতের ভিতর দিয়ে 200 A বিদ্যুৎ প্রবাহিত করা হলে এর প্রস্থ বরাবর কী পরিমাণ হল বিভব পার্থক্য সৃষ্টি হবে? [কপারের মুক্ত ইলেক্ট্রনের সংখ্যা, $n = 8.4 \times 10^{28}\ electrons/m^3$]

সমাধান: $V_{Hall} = \frac{IBd}{nAe} = \frac{IBd}{n \times (d.t)e} = \frac{IB}{nte} = \frac{200 \times 1.5}{8.4 \times 10^{28} \times 1 \times 10^{-3} \times 1.6 \times 10^{-19}} = 2.23 \times 10^{-5}$volt (Ans.)

36. নীল LED হতে নিসৃত আলো একটি অপবর্তন গ্রেটিং এর উপর লম্বভাবে আপতিত হয়। এই অপবর্তন গ্রেটিং এ 25.4 mm প্রস্থে সমব্যবধানে: 1.26×10^4 টি রেখা টানা আছে। কেন্দ্রীয় অক্ষ হতে কত ডিগ্রী কোণে দ্বিতীয় চরম (second-order maxima) উৎপন্ন হবে? [নীল আলোর তরঙ্গ দৈর্ঘ্য, $\lambda = 450 \times 10^{-9}$ m]

সমাধান: প্রতিটি রেখার প্রস্থ $= \frac{25.4 \times 10^{-3}}{1.26 \times 10^4} m = 2.01587 \times 10^{-6} m$

Now, $d\sin(\alpha) = n\lambda \Rightarrow 2.01587 \times 10^{-6} \times \sin(\alpha) = 2 \times 450 \times 10^{-9} \ \therefore \alpha = 26.51°$ (Ans.)

37. 1.2 atm চাপ এবং 310K তাপমাত্রায় কোন গ্যাসের আয়তন 4.3 L. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় গ্যাসকে সংকুচিত করে আয়তন 0.76 L করা হল। গ্যাসটির (ক) চূড়ান্ত চাপ এবং (খ) চূড়ান্ত তাপমাত্রা নির্ণয় কর। [গ্যাসটিকে আদর্শ গ্যাস হিসাবে বিবেচনা করা যার $\gamma = 1.4$]

সমাধান: $P_2V_2^\gamma = P_1V_1^\gamma \ \Rightarrow P_2 = P_1\left(\frac{v_1}{v_2}\right)^\gamma = 1.2 \times \left(\frac{4.3}{0.76}\right)^{1.4} = 13.5799$ atm (Ans.)

